


প্রতিবাদ করলে ত্রুটি দেখানো হচ্ছে। সরকার কাছে নোটের কোনো সদুত্তর দিতে পারেননি।




প্যানেল আইনজীবী ও আইন উপদেষ্টা

নিয়োগ বিজ্ঞপ্তি



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি)-এর পক্ষে উচ্চ আদালত (সুপ্রীম কোর্টের হাইকোর্ট ও আপীল বিভাগ), নিম্ন আদালত (দেওয়ানী ও ফৌজদারী), অর্থ ঋণ আদালত, শ্রম আদালতসহ অন্যান্য আদালতে মামলা দায়ের, মামলা প্রতিদ্বন্দ্বিতা/পরিচালনা, তদারকি ও আইনগত মতামত প্রদানের জন্য ১৫ (পনের) জনের আইনজীবী/আইনজীবী প্রতিষ্ঠান প্যানেল ও ২ (দুই) জন আইন উপদেষ্টা নিয়োগের নিমিত্তে আগ্রহী আইনজীবী/আইনজীবী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

১.	আবেদনকারী আইনজীবীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং আইন বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রিধারী হতে হবে।
২.	আবেদনকারীর নাম, পিতা/মাতা/স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে), স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, চেয়ারের ঠিকানা, বয়স, উচ্চ ও নিম্ন আদালতে মামলা পরিচালনার অভিজ্ঞতা, মোবাইল নাম্বার ইত্যাদি উল্লেখ পূর্বক পূর্ণাঙ্গ জীবনকৃত্যসহ আবেদন করতে হবে।
৩.	আবেদনপত্রের সাথে সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
৪.	আবেদনপত্রের সাথে জাতীয় পরিচয়পত্র, বার কাউন্সিল সনদপত্র, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও নিম্ন/উচ্চ আদালতে মামলা পরিচালনার অভিজ্ঞতাসহ সকল সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
৫.	আইনজীবী প্রতিষ্ঠান হিসেবে আবেদন করার ক্ষেত্রে প্রতিষ্ঠানে নিয়োজিত কমপক্ষে ৩ (তিন) জন আইনজীবীর ক্রমিক নং-২, ৩, ৪ এ উল্লিখিত তথ্যসহ আবেদন করতে হবে।
৬.	আবেদনকারী আইনজীবীকে নিম্ন আদালতে কমপক্ষে ১০ (দশ) বছর ও উচ্চ আদালতে কমপক্ষে ৫ (পাঁচ) বছর অথবা নিম্ন আদালতে একাধারে ১৫ (পনের) বছর মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে।
৭.	মামলা পরিচালনা ও অন্যান্য আইনগত মতামত প্রদানের জন্য প্যানেল আইনজীবী বিসিআইসি'র অনুমোদিত "সিডিউল অর ফিস" অনুসারে পেশাগত ফি প্রাপ্য হবেন। আইন উপদেষ্টা/আইন উপদেষ্টাগণের ক্ষেত্রে সিডিউল অফ ফিস-এর ক্রমিক নং ১০ অনুসারে ব্যবস্থা গৃহীত হবে।
৮.	অন্য কোন প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে তার প্রমাণসহ আবেদনপত্রে তা উল্লেখ করতে হবে।
৯.	নিয়োগপ্রাপ্ত প্যানেল আইনজীবী/আইন উপদেষ্টার মেয়াদ ৩ (তিন) বছর হবে। তবে সংস্থা কর্তৃপক্ষ মেয়াদ হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করে।
১০.	নিয়োগপ্রাপ্ত প্যানেল আইনজীবী/আইনজীবী প্রতিষ্ঠান কোন আদালতে সংস্থার বিরুদ্ধে কোন মামলা পরিচালনা করতে পারবেন না।
১১.	অবসরপ্রাপ্ত কোন বিচারপতি/জজ যদি বার কাউন্সিলের সনদপ্রাপ্ত হয়ে বর্তমানে আইন পেশায় নিয়োজিত থাকেন, তবে তিনিও বর্ণিত শর্ত সাপেক্ষে প্যানেল আইনজীবী পদে আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন।
১২.	প্যানেল আইনজীবী ও আইন উপদেষ্টা পদের জন্য পৃথকভাবে আবেদন করতে হবে।
১৩.	আইনজীবী/আইনজীবী প্রতিষ্ঠান প্যানেল আইনজীবী হতে অব্যাহতি গ্রহণ করতে চাইলে ৩০ (ত্রিশ) দিন পূর্বে সংস্থাকে নোটিশ প্রদান করতে হবে এবং সংস্থাও ৩০ (ত্রিশ) দিনের পূর্বে নোটিশ প্রদানের মাধ্যমে আইনজীবী/আইনজীবী প্রতিষ্ঠানকে অব্যাহতি প্রদান করতে পারবে।
১৪.	বর্ণিত শর্তানুসারে আগামী ০৭/০২/২০২২ খ্রিঃ তারিখ দুপুর ২.০০ ঘটিকার মধ্যে উর্দতন মহাব্যবস্থাপক (প্রশাসন), বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন (৫ম তলা), ৩০-৩১ দিলকুশা বা/এ, ঢাকা বরাবরে আবেদনপত্র দাখিল করতে হবে।
১৫.	কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন অথবা সকল আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার ও আইনজীবী প্যানেল/আইন উপদেষ্টার সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। আইনজীবী প্যানেল/আইন উপদেষ্টা নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
১৬.	অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।



আইসান কুদ্দুস কুস্তল
মহাব্যবস্থাপক (আইন)
আইন উপ-বিভাগ, বিসিআইসি
ফোন : ০২২২৩৩৫৫৪১০

বিসিআইসি-০০৯, ডাং-১৬.১.২২ (৯' x ৩)